নবাগত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চুপ্পুর সঙ্গে এম এ এস ইমনের সাক্ষাৎ

নবনির্বাচিত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চুপ্পুর সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপ-কমিটির সদস্য ও মেহেরপুরের তরুণ রাজনীতিবিদ এম এ এস ইমন।

বুধবার রাষ্ট্রপতি সাহাবদ্দিন চুপ্পুর বাসভবনে তিনি এ সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চুপ্পু মেহেরপুরের রাজনীতিসহ বিভিন্ন বিষয়ে এম এ এস ইমনের কাছে জানতে চান এবং বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চুপ্পু বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। সে সুবাদে এম এস ইমন তার সান্নিধ্যে ছিলেন দীর্ঘদিন।

কোটচাঁদপুরে জাসদের রাজনৈতিক কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা জাসদের উদ্যোগে দিনব্যাপি এক রাজনৈতিক ও সাংগঠনিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১ টা থেকে কোটচাঁদপুর জেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালার উদ্বোধন ঘোষণা করা হয়।

কোটচাঁদপুর উপজেলা জাসদ সভাপতি জহুরুল ইসলাম পান্নুর সভাপতিত্বে রাজনৈতিক কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জাসদের কার্যকরী সভাপতি এ্যাড.রবিউল আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা সম্পাদক জিয়াউল হক মুক্তা। এছাড়া ঝিনাইদহ জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, সদর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান উজ্জলসহ জেলা ও উপজেলা জাসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে কৃষক সমাবেশে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, শেখ হাসিনা সরকার কৃষিবান্ধব সরকার। যখন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সরকার ক্ষমতায় থাকে তখন কৃষকদের দুশ্চিন্তা দূর হয়ে যায়, আকাশ থেকে কালো মেঘ দূর হয়ে যায়, কৃষকরা স্বস্তি পায় কারণ তারা জানে তারা সার পাবে তেল পাবে উন্নত মানের বীজ পাবে। তিনি মাঠের পরে মাঠ রাস্তা করে দিয়েছেন। তিনি জানেন কৃষক ভালো থাকলে দেশের মানুষ ভালো থাকবে দেশ ভালো থাকবে।

আজ আমরা সেই দুর্বিসহ দিনের কথা ভুলে গেছি।২০০৮ সালের আগে দেশে সারের যে অব্যবস্থাপনা ছিলো। কৃষকরা ঠিক মত সার পাচ্ছিলেন না, ৬০ টাকা কেজি ইউরিয়া সার কিনেছেন। এমওপি পাওয়া যাচ্ছিলো না। ৯০ টাকা কেজি দরে এমওপি কিনতে হতো।

২০০৮ সালের ২৯ ডিসেম্বরের নির্বাচনের মধ্যে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান বাংলাদেশ কৃষিতে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রে পরিণত হয়েছে। আওয়ামী লীগ সরকার কৃষি বান্ধব সরকার।আজ সারা বাংলাদেশে পরিবর্তন ঘটে গেছে।

২০০১ থেকে ২০০৬ সালে বিঘাপ্রতি থেকে ৭ মনের বেশি ধান পাওয়া যেতনা। আজকে উন্নত মাধ্যমে ৩০ মন পর্যন্ত ধান পাওয়া যাচ্ছে। আজ গ্রাম শহরে পরিণত হয়েছে। গ্রামে বসেই মানুষ শহরের সকল সুবিধা পাচ্ছে। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের কারণে কৃষি ফসল মাঠ থেকে ট্রাকে করে দেশের বিভিন্ন স্থানে পাঠানো যায়। এর ফলে কৃষিতে ব্যাপক বিপ্লব ঘটেছে। দেশে আইনশৃঙ্খলার উন্নয়ন কারণে কৃষকের মাঠে

পড়ে থাকা কৃষি যন্ত্রপাতি নিরাপদে থাকে।

রবিবার বিকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে মুজিবনগর কৃষকলীগ এর আয়োজনে কৃষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর এক আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

কৃষক সমাবেশে মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীবের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিকের সঞ্চালনায় সমাবেশর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন। কৃষক সমাবেশের উদ্বোধক ছিলেন, বাংলাদেশ কৃষক লীগের সহ-সভাপতি ও মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহবুব উল আলম শান্তি। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এড: আব্দুস সালাম, বাংলাদেশ কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, বাংলাদেশ কৃষক লীগের কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক কৃষিবিদ আশরাফুল ইসলাম স্বপন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, কৃষক সমাবেশে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্নসম্পাদক এড: ইব্রাহিম শাহীন, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমান হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন।

কৃষক সমাবেশে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবক লীগ যুব মহিলা লীগ, ছাত্রলীগ সহ উপজেলা কৃষক লীগ এবং ইউনিয়ন ও ওয়ার্ড কৃষক লীগের নেতা কর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।

দর্শনায় বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন

দর্শনায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে দর্শনা রেলবাজার অবস্থিত আ.লীগের দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন সহ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

এরপর দলীয় কার্যালয়ে জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি হাজী মোঃ আলী আজগার টগর।

তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লক্ষ কোটি বাঙালির হৃদয়ে বেঁচে থাকবেন, তার অবদান কোনদিন ভুলতে পারবে না। যার কারনে আমরা আজ স্বাধীন বাংলাদেশে বাস করছি এবং আনন্দের বিষয় হচ্ছে জাতির জনক বঙ্গবন্ধু কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তুলতে কাজ করে যাচ্ছেন। আমাদের বাংলাদেশ দ্রুত একটি উন্নয়ন শীল দেশে পরিনত হবে। আলোচনা শেষে জাতীরজনক বঙ্গবন্ধুর আত্মার মাগফেরত কামনা করে দোয়া করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা পৌর সভার নবনির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামীলীগের সহসভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর ১নং ওয়ার্ড আ.লীগের সভাপতি জয়নাল আবেদিন নফর, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সহ-সভাপতি মামুন শাহ, যুবলীগ নেতা ইকবাল হোসেন, ফারুক আহমেদ, সাইফুল ইসলাম হুকুম, আব্দুস সালাম ভুট্টু, হীরণ, হবা জোয়ার্দার, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সহ-সভাপতি আশরাফুল ইসলাম, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু, ছাত্রলীগ নেতা- রিপন, লোমান, মিল্লাত, আলামিন, প্রভাত, রায়হান, অপু সহ আ.লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতৃবৃন্দ।

গাংনীতে ডা.সাগরের উদ্যাগে বঙ্গবন্ধুর জন্মদিন পালন

মেহেরপুরের গাংনী আওয়ামীলীগের প্রতিষ্ঠাতা সভাপতি সাবেক সংসদ সদস্য মরহুম নুরুল হক এর পুত্র ডা. এ এস এম নাজমুল হক সাগরের উদ্যোগে জাতি জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে গাংনী নিজ দলীয় কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে উপজেলা মধ্যস্থ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে, র্যালি একই স্থানে গিয়ে শেষ হয়।

নুরুল হক এর এর কন্যা খালেদা খানম ফেন্সি এর সভাপতিত্বে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সহ-সভাপতি শাজাহান আলীর সঞ্চালনায় আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান জিয়া, সহ-সভাপতি সাখাওয়াত হোসেন,নাসিম সরোয়ার বাবু,মটমুড়া কৃষক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল,জেলা ছাত্রলীগের উপ গবেষণা বিষয়ক সম্পাদক জয় আহমেদউপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিক আজিজ মুন্না, তরিকুল ইসলাম উজ্জ্বল, রাসেল রানা, হাফিজুর রহমান হাফি। মটমুড়া ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহারুল ইসলাম, সাবেক ছাত্রনেতা চপল ও কনক উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও কেক কাটা হয়।

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন

মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী প্রদান আলোচনা সভা, দেওয়াল লিখন, পুরস্কার বিতরণ, কেককাটা, সাংস্কৃতিক অনুষ্ঠান, দোয়া মাহফিল এর আয়োজন করে মুজিবনগর উপজেলা প্রশাসন।

দিবসটি পালন উপলক্ষে গতকাল শুক্রবার সকাল ৯ টার সময় প্রথমে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে মুজিবনগর মুক্তিযুদ্ধু স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল নেতৃত্বে মুজিবনগর পুলিশ প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে।

বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান এর নেতৃত্বে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, মিরাজুল ইসলামের উপজেলা আনসার ব্যাটালিয়ন, টুরিস্ট পুলিশ,সভাপতি তকলিমা খাতুন ও সম্পাদক তহমিনা খাতুনের নেতৃত্বে উপজেলা যুবমহিলা লীগ, সেচ্ছাসেবকলীগ এর সহসভাপতি মতিউর রহমান এর নেতৃত্বে সেচ্ছাসেবকলীগ, সভাপতি জাহিদ হাসান রাজিব ও সম্পাদক শাহিনুর রহমান মানিক এর নেতৃত্ব উপজেলা কৃষকলীগ সহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতি সংগঠন বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন।
এ সময় মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন, উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, যুবনেতা হাসানুজ্জামান লালটু উপস্থিত ছিলেন।

শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতা বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

পরে সকাল সাড়ে দশটার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা, পুরষ্কার বিতরণ ও জাতির জনক এর জন্মদিনের কেক কাটা হয় এবং সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে ছাত্রলীগ নেতা ইব্রাহীমের নেতৃত্বে বঙ্গবন্ধুর জন্মদিন পালন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ছাত্রলীগ ছাত্রনেতা ইব্রাহীম এর নেতৃত্ব কেক কাটা অনুষ্ঠিত হয়।

শুক্রবার রাতে কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার প্রকাশনা কমিটির অন্যতম সদস্য এম এ এস ইমনের কার্যালয়ে এ কেক কাটা হয়।

বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে ইব্রাহীম বলেন,বঙ্গবন্ধু জন্মেছিলো বলেই বাংলাদেশ নামক স্বাধীন রাষ্ট্র পেয়েছি। ৭৫ এর ১৫ আগস্ট সকল শহীদদের প্রতি ও জাতীয় চার নেতা,সকল ভাষা সৈনিক ও মুক্তিযুদ্ধাদের প্রতি গভির শ্রদ্ধার সাথে স্বরন করছি। বঙ্গবন্ধুর শপথ নিয়ে,আগামী স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে আমরা মেহেরপুর জেলা ছাত্রলীগ সবসময় প্রস্তুত আছি, আগামী দ্বাদশ নির্বাচন ২০২৪ বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ইনান ভাইয়ের নেতৃত্বে মেহেরপুর জেলা ছাত্রলীগ সর্বোচ্চ ভূমিকা রাখবে।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সদস্য আশিক

মাহমুদ, রেদুয়ান আকাশ,আসিব,শাকিল,সাকিব,হিরা,সৌরভ আরো নেতা কর্মী।

মুজিবনগরে আওয়ামী লীগের কার্যালয় দখল পেলো নতুন কমিটি

মেহেরপুরের মুজিবনগর মুক্তিযুদ্ধের স্মৃতিগাথা ও ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ উপজেলা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এর নামে নামাঙ্কিত এই উপজেলায় আওয়ামী লীগের রাজনীতিও গুরুত্বের দাবি রাখে। তবে বেশ কিছুদিন ধরে উপজেলা আওয়ামী লীগের রাজনীতিতে বিভাজন চলে আসছে।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের নতুন সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের সাবেক শিক্ষক আবুল কালাম আজাদ। পূর্বের কমিটিতে সভাপতি হিসেবে দীর্ঘদিন দায়িত্বে ছিলেন জিয়াউদ্দিন বিশ্বাস যার হাত ধরে মুজিবনগরে আওয়ামী লীগ প্রতিষ্ঠা লাভ করে এবং বর্তমানে তিনি মুজিবনগর উপজেলা পরিষদ চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন।

অপরদিকে সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্বে ছিলেন মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু । তবে সম্মেলনের পূর্বকালীন কমিটির সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুর সাথে সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাসের কোন্দল ছিল প্রকাশ্যে । অফিসের দুটি কক্ষ দুজনের নামে থাকলেও সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু ওই অফিস ব্যবহার করতেন না । নিজের প্রভাব নিয়ে সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস অফিস ব্যবহার করতেন। নতুন কমিটি দায়িত্বে আসার প্রায় এক বছর হতে চললো। বর্তমান কমিটির সভাপতির নির্দেশে অফিস দুটিতে তালা খুলে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে গত ১৪ মার্চ।

এ বিষয়ে জিয়াউদ্দিন বিশ্বাস অভিযোগের তীর ছুড়েছেন বর্তমান সভাপতির বিরুদ্ধে। তিনি বলেন, অফিস দুটি সাবেক সভাপতি ও সাধারণ

সম্পাদক দুজনের নামে বরাদ্দ নেওয়া। কিভাবে তারা অফিসে প্রবেশ করে।

এ বিষয়ে বর্তমান সভাপতি রফিকুল ইসলাম তোতার কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, এ বিষয়টি সম্পূর্ণ মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেট কমিটির সিদ্ধান্ত। বর্তমান উপজেলা আওয়ামী লীগের কমিটির সাথে হাই স্কুল মার্কেট কমিটির নতুন চুক্তির বলে এই অফিসে প্রবেশ করা হয়েছে।

মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেট কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাসের কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন. বরাদ্দকৃত দুটি কক্ষ যাদেরকে বরাদ্দ দেয়া হয়েছিল তারা চুক্তির সমস্ত শর্ত ভঙ্গ করেছে। কয়েক মাসের বিল ও ভাড়া বকেয়া রয়েছে। তাই মার্কেট কমিটির সিদ্ধান্তেই নতুনভাবে ভাড়ার চুক্তি দেওয়া হয়েছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে।

আলমডাঙ্গার ২ ইউপি নির্বাচনে নৌকার ভরাডুবি

আলমডাঙ্গার নাগদাহ ও আইলহাঁস ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে দুজন স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন।

বৃহস্পতিবার এই দুটি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়।

রাতে আলমডাঙ্গা রিটানিং কর্মকর্তা ও নির্বাচন কর্মকর্তা এমএজি মোস্তফা ফেরদৌস নির্বাচনের ফলাফল ঘোষণা করেন।

চেয়ারম্যান পদে আইলহাঁস ইউনিয়নে মো. মিনহাজ উদ্দীন ৪ হাজার ৬০৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগের প্রার্থী জাহিদুল ইসলাম বাদল পেয়েছেন ৪ হাজার ১৫০ ভোট।

নাগদাহ ইউনিয়নে এজাজ ইমতিয়াজ বিপুল ৪ হাজার ৮০ ভোট পেয়ে জয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামীলীগের নৌকার প্রার্থী মো. হায়াত আলি পেয়েছেন ২ হাজার ৫২৭ ভোট।

আমদাহ ইউপি নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের সংবাদ সম্মেলন

আগামী ১৬ই মার্চ-২০২৩ আমদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলেক্ষ্য আনারস প্রতীকের সতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে ।

সোমবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে সতন্ত্র প্রার্থী আনারুল ইসলাম লিখিত বক্তব্যে বলেন, আমি নির্বাচনে প্রার্থী হয়েছি। বিগতদিনের চেয়ারম্যান হিসেবে নই, একজন সেকব হিসেবে যেভাবে জনগনের পাশে থেকেছি তারই ধারাবাহিকতায় আমার পক্ষে যে উৎসাহ উদ্দীপনা এবং জনজোটের সৃষ্টি হয়েছে সেটা নস্যাৎ করার জন্য পরিকল্পিতভাবে আমার বিরুদ্ধে অভিযোগ সৃষ্টি করে শান্ত পরিবেশ অশান্ত করার পায়তারা করছে নৌকার প্রার্থীর নেতা কর্মীরা। তারই প্রতিবাদে সাংবাদিক সম্মেলন ।

আপনারা জানেন আগামী ১৬ই মার্চ-২০২৩ আমদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আমি মোঃ আনারুল ইসলাম, আনারস মার্কা প্রতীক নির্বাচনে অংশগ্রগ্রহণ করছি। বিগতদিনে চেয়ারম্যান হিসেবে নই, একজন সেকব হিসেবে যেভাবে জনগনের পাশে থেকেছি উন্নয়নের চাকা সচল রেখেছিলাম তারই ধারাবাহিকতায় আমার পক্ষে যে উৎসাহ উদ্দীপনা এবং জনজোটের সৃষ্টি সেই কারনে আমি জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদী । জনগণের বিচারেই জয়-পরাজয় নির্ধারিত হবে তাই জনগণের রায়কে মেনে নিয়ে ইউনিয়নবাসীর সার্বিক কল্যাণে এগিয়ে যাওয়ায় আমার একমাত্র লক্ষ্য।

আমার বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে, আমার কর্মীদের হুমকি প্রদর্শনসহ, গোপন সূত্রে জানতে পারলাম আমার বিপক্ষ প্রার্থী এবং তার কর্মীগণ তাদেরই নিজ অফিস ভাংচুর এবং অগ্নিসংযোগের মতো অপ্রিতীকর ঘটনা

ঘটাতে পারে। কারণে এই ধরনের ঘটনা ঘটিয়ে আমার কর্মীকে আইনি হায়রানি করার জঘন্য পরিকল্পনা করেছে। বিষয়টি আর্চ করতে পেরে, প্রথমেই আমি আপনাদের সহযোগিতা চাচ্ছি। কারণ আপনাদের লেখনি জনমানুষের বিবেককে জাগ্রত করে, আপনাদের তৎপরতাই যেকোন অপ্রিতীকর ঘটনা পরিকল্পনা নস্যাৎ এড়াতে বিশেষ ভূমিকা পালন করে। আমি আপনাদের সহযোগিতা চাই ।

এসময় মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, জেলা প্রেসক্লাবের দপ্তর সম্পাদক মাসুদ রানা, সাংবাদিক বেন আমীন মুক্ত, রামিজ সহ সাংবাদিকেরা উপস্থিত ছিলেন ।